রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯
মোবাইল নং : ০১৭০৮-৮০৬০১২
ই-মেইল : dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

শানিবি সার্কুলার লেটার নং-০১/২০১৮ তারিখ: ১৮.০৩.২০১৮

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: 'রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)' এর নাম পরিবর্তন করে 'রাকাব ডাবল মানি স্কীম (RDMS)' নামে হিসাব পরিচালনা প্রসংগে।

প্রিয় মহোদয়

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের আর্থিক ভিত্তি মজবুত করণ এবং আমানত সংগ্রহ জোরদার করণের লক্ষ্যে ২৭.০৯.২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৬২তম সভায় 'রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)' নামে নতুন আমানত স্কীম চালু করণের প্রস্তাব অনুমোদিত হয়। সে প্রেক্ষিতে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৫.১০.২০১৭ তারিখের ০৮/২০১৭ নম্বর সার্কুলারের মাধ্যমে স্কীমটি মাঠ পর্যায়ে জারী করা হয়। আমানত স্কীমটি আরও কার্যকর ও আকর্ষণীয় করার লক্ষ্যে এর মেয়াদ ১২ বছর হতে কমিয়ে ০৯ বছর এবং সুদ হার ৫.৯৫% (চক্রবৃদ্ধি) হতে বৃদ্ধি করে ৮.০১% (চক্রবৃদ্ধি) নির্ধারণের প্রস্তাব ১৫.০২.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৭১তম সভায় অনুমোদিত হয়।

০২। 'রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)' জারী করার সময় Computer Code না পাওয়ায় শুধুমাত্র GL হেড এবং সুদের সাব-হেড দিয়ে স্কীমটি মাঠ পর্যায়ে জারী করা হয়। রাকাবের সকল শাখায় IBS সফটওয়্যারের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হচ্ছে। Computer Code না পাওয়ায় শাখা পর্যায়ে স্কীমটির হিসাব খোলাসহ হিসাব রক্ষণাবেক্ষণে জটিলতা সৃষ্টি হচ্ছে। ফলশ্রুতিতে শাখায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ অহেতুক জটিলতা পরিহারের লক্ষ্যে স্কীমটি খুলতে নিরুৎসাহিত হচ্ছেন। মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্য মতে জানা যায় 'রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)' খোলার চাহিদা থাকলেও হিসাব রক্ষণাবেক্ষণ জটিলতার কারণে স্কীমটি খোলা যাচ্ছে না। উল্লেখ্য, ইতোপূর্বে এ ব্যাংকে জারীকৃত 'রাকাব ডাবল মানি স্কীম (RDMS)' [অতিরিক্ত সুদের কারণে ১১ জুলাই, ২০১৪ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪১৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক বন্ধ হয়েছে] এবং বর্তমানে অনুমোদনকৃত 'রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)' একই ধরণের স্কীম; শুধুমাত্র নাম, সুদ হার এবং মেয়াদকাল ব্যতিত স্কীম দু'টির রুপরেখার কোন অমিল নেই। আলোচ্য RDPS স্কীমটির Computer Code পেতে দেরী হবে বিধায় পরিচালনা পর্ষদের ৪৬২তম সভায় (তারিখ: ২৭.০৯.২০১৭) অনুমোদিত 'রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)' এর নাম পরিবর্তন করে 'রাকাব ডাবল মানি স্কীম (RDMS)' নামে কার্যক্রম পরিচালনা করার জন্য ১৪.০৩.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৭৩তম সভায় অনুমোদিত হয়।

০৩। বিদ্যমান 'রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)' এর [যা বর্তমানে 'রাকাব ডাবল মানি স্কীম (RDMS)' নামে পরিচালিত হবে] রূপরেখা নিম্নে উল্লেখ করা হলো:

১.	স্কীমের নাম	:	বিদ্যমান রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)	বর্তমানে রাকাব ডাবল মানি স্কীম (RDMS) নামে পরিচালিত হবে
			পূর্বের (সার্কুলার নং-০৮/২০১৭)	সংশোধিত (সার্কুলার লেটার নং-০১/২০১৮)
২.	স্কীমের মেয়াদকাল	:	১২ বছর	০৯ বছর
৩.	এককালীন আমানতের পরিমাণ	:	সর্বনিম্ন ৫০,০০০/- টাকা বা এর গুণিতক	সর্বনিম্ন ৫০,০০০/- টাকা বা এর গুণিতক
৪.	সুদ হার	:	৫.৯৫% (চক্রবৃদ্ধি)	৮.০১% (চক্রবৃদ্ধি)

০৪। 'রাকাব ডাবল মানি স্কীম (RDMS)' এর জন্য নির্ধারিত পূর্বের GL হেড, সুদের সাবহেড এবং Computer Code ব্যবহার করে এ স্কীমের আওতায় হিসাব খুলতে হবে এবং 'রাকাব ডাবল মানি স্কীম (RDMS)' নামে হিসাব পরিচালনা করতে হবে। এ সার্কুলার লেটার জারীর পূর্বে খোলা 'রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)' এর হিসাবসমূহের ক্ষেত্রেও একই পদ্ধতি প্রযোজ্য হবে।

চলমান পাতা-০২

০৫। পূর্ব পৃষ্ঠায় উল্লিখিত বিষয়াবলী ব্যতিত 'রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)' প্রসংগে জারীকৃত শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৫.১০.২০১৭ তারিখের সার্কুলার নং-০৮/২০১৭ এর অন্যান্য বিষয়াদি ও শর্তাদি অপরিবর্তিত থাকবে। এ সংশোধনী আলোচ্য সার্কুলার লেটার জারীর তারিখ অর্থাৎ ১৮.০৩.২০১৮ হতে কার্যকর হবে। তবে এ সার্কুলার লেটার জারীর পূর্বে খোলা 'রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)' হিসাবসমূহ যথারীতি পূর্বের সুদ হার ও মেয়াদে পরিচালিত হবে।

০৬। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৮.০৩.২০১৮
(অসিত কুমার সরকার)
উপ-মহাব্যবস্থাপক

পত্র নং-প্রকা/শানিবি-০৮(৫৪)/২০১৭-২০১৮/৯৬২(৪৫১) তারিখ: ১৮.০৩.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ।
১২। অফিস নথি/মহানথি।

১৮.০৩.২০১৮
(শামীমা ফেরদৌস শিমুল)
উর্ধতন মুখ্য কর্মকর্তা